



বাংলাদেশ পর্যটন করপোরেশন  
প্রশাসন বিভাগ  
পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও  
শেরে বাংলা নগর, প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।



স্মারক নং- ৩০.০৩২.০২১.২০.০১.০০১.১৯৮৪(৯)/২৫

তারিখ: ২৯ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ  
০৫ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পর্যটন করপোরেশনের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডে কর্মরত কর্মকর্তা, ১১ গ্রেডে কর্মরত কর্মকর্তা জন্য এবং ১৩ হতে তদনিম্ন গ্রেডে কর্মরত কর্মচারীগণের ২০২২ সালে বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর)সংগ্রহের লক্ষ্যে পৃথক পৃথক এসিআর ফরম কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংস্থার ওয়েব সাইটে (www.parjatan.gov.bd) আপলোড করা হয়েছে। সংস্থার ওয়েব সাইটে আপলোডকৃত কর্মকর্তা ও কর্মচারীগণের বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম (PDF) ডাউনলোড করে A4 সাইজের কাগজে উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে স্বহস্তে পূরণ করতে হবে।

২। প্রসঙ্গত: উল্লেখ্য যে, পূরণকৃত এসিআর ফরমে নামের সিল ব্যবহার না করলে, স্বাক্ষর ও তারিখ না থাকলে অনুবেদন ফরমের কোন অংশ পূরণ না করে খালি রাখলে এবং সময়মতো অনুবেদন ফরমের সংশ্লিষ্ট অংশের কার্যসম্পাদন শেষে প্রধান কার্যালয়ের প্রশাসন বিভাগে প্রেরণ না করলে সংশ্লিষ্ট অনুবেদনাধীন কর্মকর্তা-কর্মচারী/অনুবেদনকারী কর্মকর্তার অযোগ্যতা/অদক্ষতা বলে বিবেচিত হবে।

৩। নির্ধারিত তারিখের মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম প্রধান কার্যালয়ের প্রশাসন বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৪। কোন বিষয়ে অস্পষ্টতা থাকলে প্রশাসন বিভাগের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

৫। উপর্যুক্ত নির্দেশাবলী ও গোপনীয় অনুবেদন ফর্ম [বাংলাদেশ ফর্ম নং-ঘ(২০২০ পর্যন্ত সংশোধিত)] 'গোপনীয় অনুবেদন অনুসাশনমালা ২০২০' সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অবহিত করা হলো।

(মোহাম্মদ এইসানুল কবীর)  
ব্যবস্থাপক (প্রশাসন)

সংযুক্তি: গোপনীয় অনুবেদন ফর্ম [বাংলাদেশ ফর্ম নং-ঘ(২০২০ পর্যন্ত সংশোধিত)]  
'গোপনীয় অনুবেদন অনুসাশনমালা ২০২০'।

স্মারক নং-৩০.০৩২.০২১.২০.০১.০০১.১৯৮৪(৯)/২৫

তারিখ: ২৯ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ  
০৫ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক (প্রশাসন/অর্থ/বাণিজ্যিক/পরিকল্পনা), বাপক, ঢাকা;
- ২। মহাব্যবস্থাপক,------(সকল), বাপক;
- ৩। অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, ঢাকা।
- ৪। ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক------(সকল), বাপক;
- ৫। ব্যবস্থাপক, আইসিটি শাখা, বাপক, ঢাকা-ওয়েব সাইটে প্রকাশের জন্য;
- ৬। চেয়ারম্যান এর একান্ত সচিব, বাপক, ঢাকা--চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

তীর অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণকে উল্লিখিত বিষয়ে অবহিত ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ এইসানুল কবীর)  
ব্যবস্থাপক (প্রশাসন)